গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৩১/২০১৭-১৮

ঢাকা, রোববার, ২৭ মে ২০১৮, ১৩ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী ভারত সফরশেষে গতকাল রাতে দেশে ফিরেছেন

২। পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বাংলাদেশ ও ভারত একসঙ্গে সমৃদ্ধ হবে
কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে ডি. লিট ডিগ্রি গ্রহণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনা-মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক অনুষ্ঠিত : তিস্তাসহ নানা ইস্যু নিয়ে আলোচনা

৪। নেতাজী সুভাষ চন্দ্র বসু জাদুঘর পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৫। সুযোগ পেলে নারীরাও আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে : পীরগঞ্জে স্পিকার

৬। নবম ওয়েজবোর্ডের মহার্ঘ্যভাতার প্রজ্ঞাপন আগামী সপ্তাহে : ডিআরইউ এর অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৭। বর্তমান সরকার ব্যবসাবান্ধব : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। হজযাত্রীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করুন : এজেন্সিগুলোকে বিমানমন্ত্রী

৯। নবম ওয়েজবোর্ডে ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের অন্তর্ভুক্তির কাজ শুরু হয়েছে : টাঙ্গাইলে তথ্য প্রতিমন্ত্রী

১০। বাসের অগ্রিম টিকেট বিক্রি শুরু হচ্ছে আগামী ৩০ মে থেকে

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী ভারত সফরশেষে গতকাল রাতে দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে ভারতে দুই দিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট গতকাল (২৬ মে শনিবার) রাত ১০টা ৩৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সফরে প্রধানমন্ত্রী গত ২৫ মে শুক্রবার সম্মানিত অতিথি হিসেবে শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দেন এবং গতকাল (২৬ মে শনিবার) পশ্চিমবঙ্গের আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডি.লিট ডিগ্রি গ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

২। **পারস্পরিক সহযোগিতার মাধ্যমে বাংলাদেশ ও ভারত একসঙ্গে সমৃদ্ধ হবে**
কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে ডি. লিট ডিগ্রি গ্রহণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রতিবেশী বাংলাদেশ ও ভারত পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একসঙ্গে সমৃদ্ধ হবে। প্রতিবেশীদের মধ্যে অনেক সমস্যা রয়েছে। এ সমস্যাগুলো অমীমাংসিত রাখা উচিত নয়। আমাদের জনগণের কল্যাণের কথা ভাবা উচিত। গতকাল (২৬ মে শনিবার) পশ্চিমবঙ্গের আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টর অভ্ লিটারেচার (ডি.লিট) ডিগ্রি গ্রহণের পর দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। গণতন্ত্র, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য বিমোচন এবং আর্থসামাজিক উন্নয়ন থেকে জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে অসামান্য অবদান রাখার জন্য প্রধানমন্ত্রীকে এ ডিগ্রি প্রদান করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা-মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক অনুষ্ঠিত : তিস্তাসহ নানা ইস্যু নিয়ে আলোচনা**

তিস্তা চুক্তিসহ নানা দ্বিপক্ষীয় ইস্যু নিয়ে আলাপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। গতকাল (২৬ মে শনিবার) কলকাতার তাজ বেঙ্গল হোটেলে তাঁদের একান্ত বৈঠক হয়েছে। বৈঠকের পর মমতা ব্যানার্জি সন্তোষ প্রকাশ করেছেন। জানা গেছে, তিস্তা চুক্তি নিয়ে নরম মনোভাব পোষণ করেছেন তিনি। সেক্ষেত্রে তিস্তা নিয়ে অন্তর্বর্তী চুক্তি হলে তিনি তা নিয়ে বিরোধিতা না-ও করতে পারেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মমতা ব্যানার্জি এদিন প্রায় এক ঘণ্টা বৈঠক করেন। এর মধ্যে ৪০ মিনিট একান্তে বৈঠক করেন তাঁরা। বৈঠকের পর মমতা ব্যানার্জি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দ্বিপাক্ষিক বিভিন্ন ইস্যুতে আলোচনা হয়েছে। বাংলাদেশ বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে দারুণ অগ্রগতি করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

৪। **নেতাজী সুভাষ চন্দ্র বসু জাদুঘর পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৬ মে শনিবার) নেতাজী সুভাষ চন্দ্র বসু জাদুঘর পরিদর্শন করেছেন। ভারতের স্বাধীনতা আন্দোলনের মহান দেশপ্রেমিক নেতা সুভাষ চন্দ্র বসুর পৈতৃক নিবাসের নেতাজী ভবনেই এ জাদুঘরটি অবস্থিত। প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের রাজধানীর লালা লাজাপাত সরণীতে অবস্থিত এ জাদুঘরের বিভিন্ন অংশ ঘুরে দেখেন। নেতাজী রিসার্চ ব্যুরোর চেয়ারম্যান ও লোকসভার সাবেক সদস্য অধ্যাপক কৃষ্ণ বসু প্রধানমন্ত্রীকে জাদুঘরের বিভিন্ন দিক সম্পর্কে অবহিত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

৫। **সুযোগ পেলে নারীরাও আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে : পীরগঞ্জে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে নারীদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে হবে। সুযোগ পেলে দক্ষ নারী নিজেই নিজের কর্মক্ষেত্র তৈরি করতে পারে এবং স্বাবলম্বী হতে পারে। গতকাল (২৬ মে শনিবার) রংপুরের পীরগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় মহিলা সংস্থা আয়োজিত ‘অর্থনৈতিক

ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য় প্রকল্প)' এর প্রশিক্ষণার্থীদের মাঝে ভাতা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৪)।

৬। নবম ওয়েজবোর্ডের মহার্ঘ্যভাতার প্রজ্ঞাপন আগামী সপ্তাহে : ডিআরইউ এর অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নবম ওয়েজবোর্ডের অন্তর্বর্তীকালীন মহার্ঘ্যভাতা প্রদানের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আগামী সপ্তাহে এ সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপনও জারি হয়ে যাবে। গতকাল (২৬ মে শনিবার) তিনি সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী ও ইফতার-মাহফিল উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৭), **নিউ এজ** (পৃ.৪,ক.৬)।

৭। বর্তমান সরকার ব্যবসাবান্ধব : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ব্যবসাবান্ধব সরকার। তিনি বলেন, নির্বিঘ্নে ব্যবসা পরিচালনা করার জন্য সরকার সব সময় ব্যবসায়ীদের পাশে আছে এবং থাকবে। কোনো মার্কেট ও ব্যবসায়ী প্রতিষ্ঠানে চাঁদাবাজি, সন্ত্রাসী এবং বিশৃঙ্খলা সৃষ্টি করতে দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর নির্দেশে সরকার জিরো টলারেন্সের মাধ্যমে যেভাবে জঙ্গিবাদ, অগ্নি সন্ত্রাস ও বোমাবাজি দমন করেছে, এবার সারাদেশ থেকে মাদক নির্মূল করে দেশে শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে। গতকাল (২৬ মে শনিবার) রাজধানীর এলিফ্যান্ট রোডে আমিন মোহাম্মদ গ্রুপের শপিংমল উদ্বোধন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১৫,ক.৮)।

৮। হজযাত্রীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করুন : এজেন্সিগুলোকে বিমানমন্ত্রী

হজযাত্রীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করার জন্য এজেন্সিগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন বিমানমন্ত্রী একেএম শাহজাহান কামাল। শুধু টাকার মোহে হাজীদের নিয়ে ব্যবসা না করে ধর্মীয় মূল্যবোধের বিষয়টি গুরুত্ব দেওয়ার কথা উল্লেখ করে তিনি বলেছেন, হজ এজেন্সিগুলোর কিছু দাবি দাওয়া যৌক্তিক থাকলেও তা এ বছর করা যাচ্ছে না। বিশেষকরে বিমানের টিকেটের দাম কমানোর বিষয়টি আগামী বছর বিবেচনা করার সুযোগ রয়েছে। তিনি গতকাল (২৬ মে শনিবার) রাজধানীতে হাব আয়োজিত এক ইফতার পার্টিতে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৯। নবম ওয়েজবোর্ডে ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের অন্তর্ভুক্তির কাজ শুরু হয়েছে : টাঙ্গাইলে তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী এডভোকেট তারানা হালিম বলেছেন, তথ্য মন্ত্রণালয় সবসময় সাংবাদিকদের কল্যাণের জন্য কাজ করছে। ইতোমধ্যে সাংবাদিকদের জীবনযাত্রার মান উন্নয়নে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ করা হয়েছে। নবম ওয়েজবোর্ডের মধ্যে ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের অন্তর্ভুক্ত করার জন্য কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। আগামী দুই-তিন মাসের মধ্যে অনলাইন পত্রিকার রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন হবে। মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বাড়ানোর জন্য তথ্য মন্ত্রণালয় সারাদেশে তথ্য অভিযান পরিচালনা করেছে। গতকাল (২৬ মে শনিবার) টাঙ্গাইল সার্কিট হাউজে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তথ্য প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৬), **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

১০। বাসের অগ্রিম টিকেট বিক্রি শুরু হচ্ছে আগামী ৩০ মে থেকে

ঈদ-উল ফিতর সামনে রেখে সড়কপথে যাতায়াতের জন্য বাসের অগ্রিম টিকেট বিক্রি শুরু হচ্ছে আগামী ৩০ মে থেকে। প্রচন্ড বৃষ্টিতে সড়কের বেহালদশার বিষয়টি বিবেচনায় এবার একটু আগে থেকেই শুরু হচ্ছে অগ্রিম টিকেট বিক্রি কার্যক্রম। ৩০ মে বিক্রি হবে ৭ জুন যাত্রার টিকেট। যাত্রীদের চাহিদা অনুসারে কাউন্টারে টিকেট অবশিষ্ট থাকা পর্যন্ত বিক্রি চলবে। টিকেট থাকা সাপেক্ষে সর্বোচ্চ চারদিন বিক্রির সিদ্ধান্ত হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, যুগান্তর, সংবাদ :** কলকাতার শান্তিনিকেতনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সম্প্রীতির প্রতীক হিসেবে বাংলাদেশ ভবনের ফলক উন্মোচন করায় সাধুবাদ জানিয়ে এতে দু'দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও দৃঢ় হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** রাজধানীতে জলাবদ্ধতা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে খালগুলো পুনরুদ্ধারের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** শরীয়তপুর-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কের শরীয়তপুর সদর উপজেলার মনোহরবাজার থেকে আলুর বাজার ফেরিঘাট পর্যন্ত ২৭ কিলোমিটার দীর্ঘ পথ ব্যবহারের অনুপযোগী হওয়ায় যান চলাচল এক মাস ধরে বন্ধ রয়েছে উল্লেখ করে জনগুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়কটি দ্রুত মেরামতের সুপারিশ।

ঘ. **সমকাল :** কোটি কোটি টাকার রেণু চিংড়ি পাচার হওয়ার খবর এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব, নিউ এজ :** সাভারে স্থানান্তরিত ট্যানারি শিল্পপার্ক ধলেশ্বরি নদী ও তার আশেপাশের এলাকা দূষিত করে চলছে উল্লেখ করে এ অবস্থা থেকে উত্তরণে ট্যানারি বর্জ্য পরিশোধনের যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিদেশে শ্রমরপ্তানি বাড়াতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** হতদরিদ্রদের জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানবসমাজকে এগিয়ে নিতে হলে সৃজনশীলতার ক্ষেত্রগুলোর স্বাধীন বিকাশের নিশ্চয়তা দিতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'মাদক ক্যান্সারের চেয়েও ভয়ংকর'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশের পথচলাকে সুগম করতে সমাজ থেকে মাদককে চিরতরে নির্মূল করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা